

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫১৭৮

আগরতলা, ১৩ মার্চ, ২০২৪

**ত্রিপুরা মেডিকেল কলেজে ৮টি নতুন পরিষেবার সূচনা করে মুখ্যমন্ত্রী
রাজ্যের স্বাস্থ্য পরিষেবায় ত্রিপুরা মেডিকেল কলেজের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে**

রাজ্যের স্বাস্থ্য পরিষেবায় ত্রিপুরা মেডিকেল কলেজের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। ত্রিপুরা মেডিকেল কলেজ যাতে চিকিৎসা ক্ষেত্রে একটি ভাল স্থান দখল করতে পারে সেদিকে সরকারের নজর রয়েছে। আজ হাঁপানিয়াস্থিত ত্রিপুরা মেডিকেল কলেজ এবং ড. বি. আর আব্বেদকর টিচিং হসপিটালে ৮টি নতুন পরিষেবার সূচনা করে মুখ্যমন্ত্রী প্রফেসর ড. মানিক সাহা একথা বলেন। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে মুখ্যমন্ত্রী এই কলেজের প্রতিষ্ঠার লগ্নের ইতিহাস তুলে ধরেন। মুখ্যমন্ত্রী বলেন, ২০২৪-২৫ অর্থবছরের রাজ্য বাজেটেও স্বাস্থ্যক্ষেত্র সহ অন্যান্য ক্ষেত্রে পরিকাঠামো উন্নয়নে অধিক আর্থিক বরাদ্দ রাখা হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশে স্বাস্থ্য পরিকাঠামোর উন্নয়নের উপর গুরুত্ব দিয়েছেন। আগামী দিনে যাতে ত্রিপুরা মেডিকেল কলেজে একটি ট্রিমা কেয়ার সেন্টার গড়ে তোলা যায় সেদিকে পরিচালন কর্তৃপক্ষকে নজর দিতে মুখ্যমন্ত্রী পরামর্শ দেন। এই প্রসঙ্গে তিনি রাজ্যে ৫টি ট্রিমা কেয়ার সেন্টার গড়ে তোলার কথা উল্লেখ করেন।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী আরও বলেন, নতুন চালু হওয়া মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনার সুযোগ যাতে টিএমসিতে চালু করা যায় সে বিষয়েও কর্তৃপক্ষের নজর দেওয়া প্রয়োজন। রাজ্যে ইতিমধ্যেই স্বাস্থ্যক্ষেত্রে বিভিন্ন পরিকাঠামো গড়ে উঠেছে। রাজ্য ডেন্টাল কলেজ নির্মাণ, বিশ্বামগঞ্জে ডি-অ্যাডিকশান সেন্টার চালু এবং এজিএমসিতে মা ও শিশুদের জন্য একটি হাসপাতাল নির্মাণের জন্য কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে অনুমোদন দেওয়া হয়েছে। মুখ্যমন্ত্রী বলেন, সময়ের চাহিদার সঙ্গে সঙ্গতি রেখে মানুষের প্রত্যাশা বেড়েছে, সেই প্রত্যাশাকে পূরণ করার দায়িত্ব আমাদের সকলের। ত্রিপুরা মেডিকেল কলেজে যাতে পোস্ট গ্র্যাজুয়েটের সিটি বাড়ে সেদিকে নজর দিতে হবে। কারণ মানুষ এখন বিশেষজ্ঞ চিকিৎসা পরিষেবা নিতে চায়। মুখ্যমন্ত্রী বলেন, টিএমসিতে অনেক ভালো চিকিৎসা হচ্ছে। এখনকার উন্নত স্বাস্থ্য পরিষেবার কথা মানুষের কাছে তুলে ধরতে হবে।

উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন, ত্রিপুরা মেডিকেল কলেজ এবং ড. বি. আর আব্বেদকর টিচিং হসপিটালের পরিচালন সোসাইটির চেয়ারম্যান ড. প্রমথেশ রায়, সোসাইটির মুখ্য কার্যনির্বাহী অধিকারিক স্বপন সাহা ও টিএমসি-র অধ্যক্ষ ড. অরিন্দম দত্ত। আজ মুখ্যমন্ত্রীর হাত ধরে এই হাসপাতালে ৮টি নতুন পরিষেবা চালু হয়। এই পরিষেবাগুলি হল - নতুন ওপিডি বিণ্ডিং-এ নতুন আই সি ইউ কমপ্লেক্স, আধুনিক সুবিধাযুক্ত কেবিন, নতুন ইএনটি অপারেশন থিয়েটার, ন্যাশনাল প্রোগ্রাম ফর কন্ট্রোল অব ইন্ডিসেস, রেটিনা সার্জারির সুবিধা, ত্রিপুরা কলেজ অব নার্সিং এর জন্য স্কিল ল্যাব, কমিউনিটি ল্যাব এবং ৩০ শয়া বিশিষ্ট হাইএন্ড ডায়ালিসিস ইউনিট।
